

গণবিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পর্যটন করপোরেশন এর ওয়েবসাইট (parjatan.portal.gov.bd) এর নামে বেশকিছু তথ্য বিভ্রাট সম্বলিত লেখা বিদ্যমান রয়েছে। উক্ত লেখাসমূহ বা এ সংক্রান্ত বিভ্রান্তিমূলক কোন ওয়েবপেজ বাংলাদেশ পর্যটন করপোরেশন কর্তৃক প্রকাশিত নয়। ওয়েবসাইট হ্যাকারগণ কর্তৃক সৃষ্ট এ ধরনের ভুলের জন্য বাংলাদেশ পর্যটন করপোরেশন দায়ী নয়। বাংলাদেশ পর্যটন করপোরেশন এর মূল ওয়েবসাইট parjatan.portal.gov.bd মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের a2i প্রকল্পের তত্ত্বাবধানে National Portal Framework এর আওতায় তৈরী করা হয়েছে। অতএব ভুল তথ্যসম্বলিত লেখা দেখে বিভ্রান্ত না হওয়ার জন্য সর্বসাধারণকে আহ্বান জানানো যাচ্ছে।

উল্লেখ্য যে, বাংলাদেশ পর্যটন করপোরেশন-এর ওয়েবলিঙ্কে এধরনের ভুল তথ্য প্রচারকারী বা ওয়েবসাইট হ্যাকারগণের সন্ধান পাওয়া গেলে তার/তাদের বিরুদ্ধে সাইবার অপরাধ সংক্রান্ত আইনের আওতায় যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হবে।

- কর্তৃপক্ষ
বাংলাদেশ পর্যটন করপোরেশন